FEB. [illegible] 2001

তারিখ ........................
পৃঃ ৩ কলাম ৬......

দৈনিক ইনকিলাব

# ওলামা লীগের সমাবেশে যোগ দিতে মাদ্রাসাগুলোকে জেলা প্রশাসনের নির্দেশ

**স্টাফ রিপোর্টার ঃ** আওয়ামী ওলামা লীগের সমাবেশে যোগদানের জন্য মাদ্রাসা প্রধানদের উপর সরকার প্রশাসনিক চাপ প্রয়োগ করছে। ঢাকা মহানগরীর বিভিন্ন মাদ্রাসায় জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসকের পক্ষ থেকে টেলিফোন করে আওয়ামী ওলামা লীগ আয়োজিত ১৫ ফেব্রুয়ারীর সমাবেশে যোগ দেয়ার জন্য নির্দেশ দেয়া হচ্ছে বলে জানা গেছে। ঢাকার বাইরে গাজীপুরে, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জসহ বিভিন্ন জেলার মাদ্রাসা প্রধানদেরও ওলামা সমাবেশে যোগ দিতে অনুরূপ চাপ প্রয়োগ করা হচ্ছে বলে বিশ্বস্ত সূত্র জানিয়েছে।

উল্লেখ্য, আগামী ১৫ ফেব্রুয়ারী আওয়ামী ওলামা লীগ পল্টন ময়দানে ওলামা সমাবেশ আহ্বান করেছে। সেই সমাবেশে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের যোগ দিতে বা[illegible] করার জন্য সরকার তার প্রশাসনকে দিয়ে চাপ দিচ্ছে। ফলে প্রশাসন তার অধীনস্থ প্রতিটি মাদ্রাসা প্রধানকে মৌখিকভাবে ১৫ ফেব্রুয়ারীর সমাবেশে ছাত্র-শিক্ষকসহ যোগ দেয়ার নির্দেশ প্রদান করছে।

একটি রাজনৈতিক দলের সমাবেশে যোগ দেয়ার জন্য নজিরবিহীনভাবে প্রশাসনিক চাপ প্রয়োগের ফলে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।